

🔳 আন-নামাল | An-Naml | ٱلنَّمْل

আয়াতঃ ২৭: ৫৬

💵 আরবি মূল আয়াত:

ফলে তার কওমের জবাব একমাত্র এই ছিল যে, 'লূতের পরিবারকে তোমাদের জনপদ থেকে বের করে দাও। নিশ্চয় এরা এমন লোক যারা পবিত্র থাকতে চায়'। — আল-বায়ান

তখন তার সম্প্রদায়ের এ কথা বলা ছাড়া আর কোন জওয়াব ছিল না যে, তোমাদের জনপদ থেকে লূতের পরিবারবর্গকে বের করে দাও, এরা এমন লোক যারা পবিত্র সাজতে চায়। — তাইসিক্রল

উত্তরে তার সম্প্রদায় শুধু বললঃ লূত পরিবারকে তোমাদের জনপদ হতে বহিস্কার কর, এরাতো এমন লোক যারা অতি পবিত্র সাজতে চায়। — মুজিবুর রহমান

But the answer of his people was not except that they said, "Expel the family of Lot from your city. Indeed, they are people who keep themselves pure." - Sahih International

৫৬. উত্তরে তার সম্প্রদায় শুধু বলল, লুত পরিবারকে তোমরা জনপদ থেকে বহিস্কার কর, এরা তো এমন লোক যারা পবিত্র থাকতে চায়।

তাফসীরে জাকারিয়া

- (৫৬) উত্তরে তার সম্প্রদায় শুধু বলল, 'লূত-পরিবারকে তোমাদের জনপদ হতে বহিষ্কার কর, এরা তো এমন লোক যারা পবিত্র সাজতে চায়।' [1]
 - [1] এ কথা তারা কটাক্ষ ও উপহাসছলে বলল।

তাফসীরে আহসানল বায়ান



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন